দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 14 MAR 1989
পৃষ্ঠা ... কলাম 6

(8

CC4

# যশোর বোর্ডে ৯০ হাজার এসএসসি পরীক্ষার্থী

(স্টাফ রিপোর্টার)

যশোর, ১৩ই মার্চ।—যশোর বোর্ডে এবার মোট ৯০ হাজার ১১১ জন ছাত্রছাত্রী মাধ্যমিক (এসএসসি) পরীক্ষা দিচ্ছে। আগামী বৃহস্পতিবার এই পরীক্ষা শুরু হচ্ছে।

এবার খুলনা বিভাগের ১৬টি জেলায় এক শ'টি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে।

পরীক্ষার্থীদের মধ্যে ৩৬ হাজার ৬১ জন বিজ্ঞান গ্রুপের, ৫১ হাজার ৮০৪ জন মানবিক গ্রুপের এবং দুই হাজার ২৪৬ জন প্রাইভেট পরীক্ষার্থী।

মোট পরীক্ষার্থীর মধ্যে ৬১ হাজার ৩০৩ জন ছাত্র এবং ২৮ হাজার ৮০৮ জন ছাত্রী।

এদিকে, সুষ্ঠুভাবে পরীক্ষা অনুষ্ঠানের জন্য সংশ্লিষ্ট জেলা ও উপজেলা প্রশাসন পর্যাপ্ত ব্যবস্থা গ্রহণ করেছেন। অপ্রীতিকর কিছু যাতে না ঘটে সে উদ্দেশ্যে সকল পরীক্ষা কেন্দ্রে ১৪৪ ধারা জারি করা হবে।